# এশিয়া প্যাসিফিক জাস্টিস ফর অল (Asia Pacific Justice for All) ওয়েবিনার সিরিজ

26 সেপ্টেম্বর, 14 ও 28 অক্টোবর

## পটভূমি

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) (Bangladesh Legal Aid Services Trust (BLAST); পাথফাইন্ডারস ফর পিসফুল, জাস্ট এন্ড ইনক্লুসিভ সোসাইটিজ (Pathfinders for Peaceful, Just and Inclusive Societies); ওপেন গভর্নমেন্ট পার্টনারশীপ (Open Government Partnership) এবং লিগ্যাল এমপাওয়ারমেন্ট নেটওয়ার্ক (Legal Empowerment Network) গত 26 সেপ্টেম্বর, 14 ও 28 অক্টোবর, 2020 তারিখে একগুচ্ছ ভার্চুয়াল সভার আয়োজন করে যাতে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের বিচার খাতের অংশীজনরা আইনী ক্ষমতায়ন বা লিগ্যাল এমপাওয়ারমেন্ট নিয়ে তাদের অভিজ্ঞতা, সমাধান ও চ্যালেঞ্জগুলো শেয়ার করতে পারে।

সেশনে আলোচিত বিষয়বস্তুর মধ্যে রয়েছে: *সমন্বয় ও সহযোগিতা, অতিমারির সময় তৃণমূলে কাজের অভিজ্ঞতা* (26 সেপ্টেম্বর); *গণমুখী বিচার ব্যবস্থা ও অনুকরণীয় দৃষ্টান্তসমূহ* (14 অক্টোবর) এবং *অংশীদারত্ব ও সম্পদের সংস্থান* (28 অক্টোবর)। এশিয়া প্যাসিফিক অঞ্চলের সরকার, বিচার বিভাগ, নাগরিক সমাজ ও বেসরকারি খাতের 10,000-এরও বেশি অংশগ্রহণকারী সভাগুলোতে উপস্থিত ছিলেন এবং ভার্চুয়াল সম্মিলনটি প্রত্যক্ষ করেছেন।

এই ডকুমেন্টটি ওয়েবিনার সিরিজে আলোচিত বিষয় ও সুপারিশমালার উপর ভিত্তি করে প্রণীত এবং এর উদ্দেশ্য হচ্ছে SDG 16 এর লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সম্মিলিত এডভোকেসি ও সম্পৃক্ততায় সহায়তা করা।

## মূল আলোচিত বিষয়

লিগ্যাল এমপাওয়ারমেন্ট পেশাজীবিরা তাদের কমিউনিটিতে ন্যায়বিচার প্রতিষ্ঠায় প্রতিনিয়ত উল্লেখযোগ্য যেসব চ্যালেঞ্জ মোকাবেলা করেন ভার্চুয়াল সিরিজটিতে সেগুলো তুলে ধরা হয়েছে। COVID-19 অতিমারি জাত, ধর্ম, লিঙ্গ, শারীরিক প্রতিবন্ধকতা, জাতীয়তা ও ভাষার ভিত্তিতে সমাজে বিদ্যমান যেসব বৈষম্য বিরাজমান সেগুলোকে আরো প্রসারিত করেছে এবং নতুন ও অভূতপূর্ব নানা প্রতিবন্ধকতা ও চ্যালেঞ্জ তৈরি করেছে। অংশগ্রহণকারীরা এছাড়া অতিমারির সময় স্বাস্থ্যসেবা পাওয়ার ক্ষেত্রে এবং বড় শহরগুলোর বস্তি/অনানুষ্ঠানিক আবাসনগুলোতে এই রোগের সংক্রমণ প্রতিরোধে ব্যবস্থা নেয়ার ক্ষেত্রে বিভিন্ন চ্যালেঞ্জের কথা তুলে ধরেছেন। এছাড়া স্বাস্থ্যসেবার অপ্রতুলতা, অর্থনৈতিক দুরাবস্থা, এবং ঘিঞ্জি বাসস্থানের কারণে অভিবাসী জনগোষ্ঠীকেও উচ্চ-ঝুঁকিগ্রস্ত হিসেবে চিহ্নিত করা হয়েছে, কারণ এসব পরিস্থিতি তাদের সংক্রমিত হওয়ার ঝুঁকি বৃদ্ধি করেছে। জীবিকা ও আয় হ্রাসের বিষয়টিতেও জোরারোপ করা হয়েছে

এই অঞ্চলে ন্যায্য বিচার ব্যবস্থা নিয়ে কাজ করা অনেক প্রতিষ্ঠান অতিমারির কারণে আংশিক বা পুরোপুরি বন্ধ হয়ে গিয়েছে। একইভাবে বহু আইনজীবি, প্যারা-লিগ্যাল পেশাজীবি ও ন্যায্য বিচার ব্যবস্থা প্রতিষ্ঠার সম্মুখসারিতে কাজ করা অন্যান্য কর্মীরা নিজ-নিজ কমিউনিটিতে কাজ করতে পারছে না। এছাড়া ডিজিটাল সেবা প্রাপ্তিতে বৈষম্য, তথ্য ও সহায়তা প্রদান এবং সেগুলো প্রাপ্তির সুযোগ আরো সংকুচিত করেছে। সভায় অংশগ্রহণকারীরা এছাড়া সংগঠিত হওয়া, সমাবেশ, ও মত প্রকাশের উপর আরোপিত বিভিন্ন বিধিনিষেধ এবং গ্রেফতার ও বেআইনী নজরদারির মাধ্যমে ব্যক্তিগত স্বাধীনতার উপর হুমকিকেও চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করেছেন। প্রযুক্তি ব্যবহারের সীমাবদ্ধতাও তৃণমূলের কর্মীদের ভার্চুয়াল সভায় অংশগ্রহণকে কঠিন করে তুলেছে।

এসব সমস্যার পাশাপাশি, গণমূখী বিচার ব্যবস্থা প্রতিষ্ঠায় উদ্ভাবন ও সমন্বয়ের নতুন **সুযোগও** সৃষ্টি হয়েছে। বিচারের ক্ষেত্রে গণমূখী দৃষ্টিভঙ্গির শুরুটা হচ্ছে সাধারণ মানুষের বিচার পাওয়ার প্রয়োজনীয়তাকে উপলব্ধি করা এবং উদ্ভাবিত নিত্য নতুন উপায়ে সেটি প্রাপ্তি নিশ্চিতে কাজ করা। গণমূখী আইনী ও বিচার পরিষেবা বিচার প্রক্রিয়া জুড়ে ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে এবং নানা প্রকারে, বিভিন্ন ধরনের কর্মসূচি ও পরিষেবার মাধ্যমে তা প্রদান করা হয়। একটি উন্মুক্ত ও অন্তর্ভুক্তিমূলক বিচার ব্যবস্থায় গণমূখী বিচার প্রদান করা হয় এবং স্বাস্থ্য, শিক্ষা, পূর্ত ও কর্মসংস্থান প্রভৃতি খাতের সহযোগিতায় এটি কাজ করে। মানুষ যখন তাদের প্রয়োজন মেটাতে সাহায্যের হাত বাড়ায়, তখন তাদের সেটি পাওয়া উচিত, তা সাহায্যের জন্য তারা যেদিকেই হাত বাড়াক না কেন।

# সুপারিশমালা

এশিয়া-প্যাসিফিক অঞ্চলে আইন অঙ্গনের পেশাজীবিদের সামষ্টিক কাজ এগিয়ে নিতে ভার্চুয়াল সভাগুলোতে কিছু গুরুত্বপূর্ণ সুপারিশ উঠে এসেছে:

**গণমূখী বিচার ব্যবস্থা নিশ্চিতকরণে অনুকরণীয় দৃষ্টান্তসমূহ তুলে ধরার সুপারিশ**

- মানুষের ন্যায়বিচার প্রাপ্তির চাহিদা উপলব্ধিতে ***সরকারগুলোর*** উচিত ন্যায়বিচারের চাহিদা নিরূপণ সমীক্ষা পরিচালনাসহ তথ্য-ভিত্তিক বিভিন্ন উপায়ের ব্যবহার বাড়ানো।
- নারী বিচারপ্রার্থী ও বিচারকগণ অযুত সমস্যা মোকাবেলা করায়, ন্যায়বিচার প্রদানে ***সরকার, বিচার বিভাগ ও নাগরিক সমাজের*** উচিত লিঙ্গ সমতা নিশ্চিত করা ও লিঙ্গ-বৈষম্যের একটি অর্থপূর্ণ সমাধান নিশ্চিত করা। ঝুঁকিগ্রস্ত মানুষের বিশেষ পরিস্থিতিকে বিবেচনায় নিয়ে শারীরিক প্রতিবন্ধী ও ঝুঁকিগ্রস্ত মানুষের বিচার প্রাপ্তিকে অগ্রাধিকার প্রদান করা উচিত।
- ***সরকার ও নাগরিক সমাজের উচিত*** ওপেন গভর্নমেন্ট পার্টনারশীপ (Open Government Partnership) উদ্যোগের মতো বহু-পক্ষীয় অংশীদারত্ব ও সহযোগিতা জোরদার করা।

**COVID-19 অতিমারি উদ্‌ভূত চ্যালেঞ্জ মোকাবেলায় সুপারিশ**

- ***সরকারগুলোর*** উচিত গণমূখী বিচার ব্যবস্থাকে COVID-19 মোকাবেলা ও এর ক্ষতি কাটিয়ে উঠার কৌশলের অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচনা করা।
- ***সরকারগুলোর*** উচিত বিচার ব্যবস্থার বৈচিত্র্যপূর্ণ শক্তিকে কাজে লাগানো। বিচার ব্যবস্থার চাহিদা নিরূপণ ও চ্যালেঞ্জ মোকাবেলার কৌশলের অগ্রাধিকার নির্ণয়ে সরকারগুলোর উচিত বিচার মন্ত্রণালয়ের অধীনে একটি বহুপক্ষীয় অতিমারি টাস্কফোর্স গঠন করা, যাতে নাগরিক সমাজেরও প্রতিনিধিত্ব ও মতামত থাকবে।

- ***আইন পেশা, বেসরকারি খাতের (বিশেষ করে প্রযুক্তি কোম্পানীগুলো) প্রতিনিধি, প্যারালিগ্যাল পেশাজীবি ও কমিউনিটিতে বিচারিক কার্যক্রমে সম্পৃক্ত ব্যক্তিদের*** উচিত বিচারখাত সংশ্লিষ্টদের সমস্যা মোকাবেলায় মতামত প্রদান ও সমস্যা কার্যকরভাবে সমাধানে সমন্বয় সাধনের জন্য নিয়মিত মিলিত হওয়া।
- ***বিচার বিভাগের পেশাজীবি ও নাগরিক সমাজের*** উচিত অন্যান্য খাতের সাতে সমন্বয় করে কাজ করা যাতে করে নতুন সরকারি বিধিনিষেধ এবং পূর্ত, কর্মসংস্থান, ও অভিবাসনের মতো বিষয়গুলোতে সরকারি নীতিমালা বিচার খাতের উপর অনাবশ্যক বোঝা তৈরি না করে বরং বিচারহীনতা রোধে কাজ করে।
- ***সরকারগুলোর*** উচিত সম্মুখসারির কর্মীদের বেতন-ভাতা যাতে বন্ধ না হয় তা নিশ্চিত করা এবং প্রয়োজনবোধে আন্তর্জাতিক দাতা ও দাতব্য সংস্থাগুলোর কাছ থেকে বাড়তি অর্থ সংস্থানে কাজ করা।
- ***সরকারগুলোর*** উচিত অতিমারি সংক্রান্ত এবং অতিমারির সময় বিচার ব্যবস্থার কার্যক্রম সংশ্লিষ্ট সিদ্ধান্ত-গ্রহণে স্বচ্ছতার বিষয়টি নিজ থেকেই নিশ্চিত করা, কারণ একটি উন্মুক্ত বিচার ব্যবস্থা দীর্ঘমেয়াদে নাগরিক ও সরকারের মধ্যে আস্থা তৈরির ভিত্তি হিসেবে কাজ করে।

### সবার জন্য ন্যায়বিচার নিশ্চিতকরণে স্থায়ীত্বশীলতা ও অর্থায়ন বিষয়ক সুপারিশ

- ***নাগরিক সমাজ সংগঠন ও কমিউনিটি-ভিত্তিক লিগ্যাল এমপাওয়ারমেন্ট সংস্থাগুলোর*** উচিত ওপেন গভর্নমেন্ট পার্টনারশীপ (Open Government Partnership) ও জাতিসংঘ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা পার্টনারশীপ প্ল্যাটফরম (UN Sustainable Development Goals Partnerships Platform)-এর মতো স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন প্রক্রিয়া ব্যবহার করে প্রচারণা চালানো এবং সরকারের কাছ থেকে অর্থ সংস্থানের ব্যবস্থা করা।
- ***সরকারগুলোর*** উচিত সরকারি সেবা প্রদানের বরাদ্দকৃত অর্থ দ্রুত অনলাইন বিভিন্ন সেবা প্রদানে নিয়োজিত করা, যেমন, উন্মুক্ত তথ্য প্রাপ্তি শীর্ষক প্রচারণা, হেল্পলাইন, এবং অনলাইন বিরোধ মীমাংসা।
- ***সরকারগুলোর*** উচিত অর্থপূর্ণ বিচার ও অধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধিতে আরো বেশি বিনিয়োগ করা যাতে জনগণ যথাযথভাবে তাদের অধিকার সম্পর্কে এবং উপলভ্য বিভিন্ন প্রতিকার সম্পর্কে অবগত হতে পারে।
- ***দাতাদের*** উচিত যখন ঋণগ্রস্ত কোন দেশ আন্তর্জাতিক সহায়তা চায় তখন তাদের বিচার ব্যবস্থাকে সুরক্ষা দেওয়া এবং বৈদেশিক উন্নয়ন সহায়তার একটি অংশ যাতে বিচার ব্যবস্থায় বরাদ্দ হয় তা নিশ্চিত করা।
- ***বেসরকারি বারসহ আইন পেশার প্রতিনিধিদের*** উচিত বিনামূল্যে আইন সহায়তা প্রদানে সংগঠিতভাবে কাজ করা এবং লিগ্যাল এমপাওয়ারমেন্ট নেটওয়ার্ক-এর এডভোকেসিতে সম্পৃক্ত হওয়া।
- ***সবার জন্য ন্যায়বিচার নিশ্চিতকরণ উদ্যোগে সহায়তা করতে বেসরকারি খাতকে সংগঠিত করা*** — যা এ খাতের নানা অংশীজনকেও প্রভাবিত করে, যেমন- ভোক্তা, কর্মী, এবং যে কমিউনিটিতে তারা ব্যবসা করে সেটি। তারা সরাসরি আর্থিক সহায়তা এবং/অথবা বিভিন্ন পরোক্ষ পরিষেবা সহায়তা প্রদানের মাধ্যমে এ ধরনের কাজে শামিল হতে পারে

## রিসোর্স/ তথ্য-উপাত্ত

**আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে নিম্নলিখিত সাইটগুলো পরিদর্শন করুন:**

- অতিমারির সময় বিচার ব্যবস্থা: জাস্টিস ফর ফল এন্ড দ্যা পাবলিক হেল্থ ইমার্জেন্সি (Justice for All and the Public Health Emergency)
- অতিমারির সময় ন্যায়বিচার: জাস্টিস ফর ফল এন্ড দ্যা ইকোনোমিক ক্রাইসিস (Justice for All and the Economic Crisis)
- অতিমারির সময় তৃণমূলের বিচার ব্যবস্থা (Grassroots Justice in a Pandemic): এনশিউরিং অ্যা জাস্ট রেসপন্স এন্ড রিকভারি, জাস্টিস ফর অল এন্ড পাথফাইন্ডারস (Ensuring a Just Response and Recovery, Justice for All and Pathfinders)
- সমাধানের স্ন্যাপশট: অতিমারির সময় পারিবারিক সহিংসতা (Domestic Violence in Pandemic), পাথফাইন্ডারস (Pathfinders)
- সমাধানের স্ন্যাপশট: অতিমারির সময় আদালত বিষয়ক উদ্ভাবনসমূহ (Court Innovations in a Pandemic), পাথফাইন্ডারস (Pathfinders)
- সমাধানের স্ন্যাপশট: অতিমারির সময় আইনী ক্ষমতায়ন (Legal Empowerment in a Pandemic), পাথফাইন্ডারস (Pathfinders)
- ওপেন গভর্নমেন্ট পার্টনারশীপ কিভাবে কাজ করে সে সম্পর্কে জানতে, আমাদের OGP Justice পেজটি পরিদর্শন করুন।
- ন্যায়বিচারের অঙ্গীকার সম্পর্কে আরো জানতে এবং কিভাবে ন্যায়বিচারের অঙ্গীকার করতে হয় সেটি জানতে, আমাদের পাথফাইন্ডারস কমিউনিটি ফ্যাক্ট শীট (Pathfinders Commitments Fact Sheet) দেখুন।